২৪। হে ঈশ্বর, উজবেকিস্তানের খ্রীষ্টিয় পরিবারগুলির হৃদয় এবং ঘরগুলির দ্বার খুলে দাও যাতে তারা অনাথ এবং যারা তাদের সন্তানদের তত্ত্বাবধান করতে পারে না সেই অস্বাভাবিক পরিবারগুলির সন্তানদের আশ্রয় দিতে পারে।(ইয়োব ২৯:১২)

২৫। হে পিতা, আমরা মরক্কোর মহিলাদের স্বাস্থ্য এবং কল্যাণের জন্য প্রার্থনা করি। তাদেরকে গুণগত স্বাস্থ্য পরিষেবা দাও এবং তাদের শক্তি এবং জীবনীশক্তি দাও। (৩ যোহন ১:২)

২৬। হে প্রভু, আমরা মধ্যপ্রাচ্যের মণ্ডলীগুলির যুবতীদের আত্মিক, মানসিক, এবং শারীরিক সুরক্ষার জন্য প্রার্থনা করি। তারা যেন তাদের বিশ্বাসে অবিচল থাকে। (২ থিষলনীকীয় ৩:৩)

২৭।তুর্কমেনিস্তানের মহিলারা তাদের কার্যকলাপের উপর অসংখ্য লিখিত এবং অলিখিত অন্যায্য বিধিনিষেধের সম্মুখীন হচ্ছে। হে প্রভু, নেতাদের অন্তরে কাজ করো যাতে তারা মহিলাদের মূল্য দেয় এবং তাদেরকে আরও অধিক স্বাধীনতা দেয়। (লূক ৪:১৮)

২৮। হে ঈশ্বর, যেহেতু উত্তর আফ্রিকার যুবক যুবতীদের মধ্যে নৈতিক পরিকাঠামোর অধঃপতন হয়েছে, সেহেতু তোমার সত্য যেন মহিলাদের বিশ্বস্ত, ঈশ্বরীয় সম্পর্কগুলির মূল্য দেখতে সাহায্য করে। (হিতোপদেশ ৩:৩)

২৯। হে প্রভু,উত্তর সাইপ্রাসের নতুন কোঅর্ডিনেটরকে এবং ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটিকে আশীর্ব্বাদ করো এবং সুরক্ষা করো যেহেতু তারা সেখানে যুবক, যুবতী, অবিশ্বাসী মহিলাদের মধ্যে পরিচর্যা করার চেষ্টা করছে।(গণনা ৬:২৪-২৬)

৩০।হে পিতা, তুর্কির নিসঙ্গ মহিলাদের সান্ত্বনা এবং শক্তি দাও যারা ঘরে থাকে এবং তাদের সন্তানদের এবং পরিবারগুলির দেখাশোনা করে। (দ্বি:বি: ৩১:৬)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে এলাকা ভিত্তিক ভোট চলছে যা আগামীতে পার্লামেন্ট ভোটের জন্য খুবই গুরুত্বপূর্ণ, তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর দেশেকে ভালবাসে এবং ঈশ্বরকে ভাল ভয় করে এমন নেতাদেরকে মনোনীত করেন।

২। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৩। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।


후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다


# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023. 9.**

## ক্যামেনা ( CAMENA) অঞ্চলে মহিলাদের জন্য প্রার্থনা1

TWR দ্বারা নির্মিত একটি সংক্ষিপ্ত রূপ হল CAMENA এবং এটি বিশেষতঃ মধ্য এশিয়া, মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকার অঞ্চলগুলিকে বোঝায়। কুর্দি লোকেরা বিশ্বের অন্যতম বৃহৎ একটি জনগোষ্ঠী যাদের কোন নিজস্ব রাষ্ট্র নেই। বিশ্বব্যাপী, ৩০ থেকে ৪০ মিলিয়ন কুর্দি রয়েছে, তাদের বেশিরভাগ লোকেই কুর্দিস্থানে বসবাস করে, যা তুরস্ক, ইরান, ইরাক এবং সিরিয়ায় বিস্তৃত।


**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে প্রভু, ফার্সি দলটি যে নতুন আশাময়ী নারী ধারাবাহিকগুলি সৃষ্টি করেছে তা যেন ইরানে এবং অন্য দেশগুলিতে বসবাসকারী ইরানী মহিলাদের মধ্যে এবং তুর্কি মহিলাদের মধ্যে যীশুর আশা আনতে পারে। (গীত ১৩০:৭)

২। হে পিতা, কারাকালপাকস্তানের যে মহিলারা বিবাহবিচ্ছেদ, কঠিন পারিবারিক সম্পর্ক, বেকারত্ব, সামান্য-আত্মসম্মানবোধ অথবা শিক্ষার অভাবে হতাশা এবং ভয়ের কারণে কষ্ট পাচ্ছে তারা যেন তোমার মধ্যে তাদের আশা এবং পরিচিতি খুঁজে পায়। (গীত ১৪৩:৭-৮)

৩।হে ঈশ্বর, উত্তর আফ্রিকায় সাম্প্রতিক বছরগুলিতে যে সমস্ত চার্চগুলি জোর করে বন্ধ করে দেওয়া হয়েছে, সেই চার্চগুলি যেন আত্মিক পুষ্টি এবং খ্রীষ্টিয় সহভাগিতা দেওয়ার জন্য পুনরায় খোলে।(মথি ৪:৪)

৪।ইস্রায়েলের পতিতালয়,যেখানে তেল আবিব হচ্ছে কেন্দ্র,যা পূর্ববর্তি সোভিয়েট ইউনিয়ান থেকে আগত অভিবাসীদের দ্বারা শাসিত হয়েছে। হে প্রভু, এই মহিলাদের জন্য বেরিয়ে আসার পথ করে দাও। (গীত ১০৭:২৮)

৫। হে ঈশ্বর, আমরা আরবীয় আশাময়ী নারী অনুষ্ঠানের জন্য তোমার প্রশংসা করি এবং ফলো-আপ দলগুলির জন্য প্রার্থনা করি যেহেতু তারা শ্রোতাদের পরামর্শ দেন এবং শিষ্যত্ব করেন। (রোমীয় ১০:১৪)

৬।হে ঈশ্বর, আমরা তুর্কি লোকদের জন্য প্রার্থনা করি, যেখানে গত বছর মুদ্রাস্ফীতি ৮৫ শতাংশে পৌঁছেছিল। লোকেরা তাদের ভাড়া দিতে অক্ষম হচ্ছে এবং হতাশা বোধ করছে। (রোমীয় ১৫:১৩)

৭। হে সদাপ্রভু ঈশ্বর, অনুগ্রহ করে উত্তর সাইপ্রাসের মহিলাদের সাহায্য করুন যারা আকস্মিক মানসিক আঘাতে ভুগছে। তারা যেন যীশুতে আশা এবং আরোগ্য খুঁজে পায়। (গীত ১০৭:১৩-১৬)

৮।হে স্বর্গীয় পিতা, আমরা মিশরের মহিলাদের তুলে ধরি এবং তাদের নিরাপত্তা এবং সুরক্ষার জন্য প্রার্থনা করি।অনিষ্টের বিরুদ্ধে তাদের রক্ষা করো এবং তাদেরকে শান্তি দাও। (গীত ৯১:১১-১২)

৯।হে প্রভু, আমরা ইয়েমেন এবং সুদানের মহিলাদের জন্য প্রার্থনা করি যারা যুদ্ধের অভিজ্ঞতা লাভ করছে।মায়েদের রক্ষা করো কারণ তারা তাদের শিশুদের প্রয়োজনের জোগান দেওয়ার চেষ্টা করছে। (গীত ৪৬:১)

১০।হে পিতা, উজবেকিস্তানের মহিলাদের সুরক্ষা এবং আরোগ্য দাও যারা ঘরোয়া হিংস্রতায় কষ্ট পাচ্ছে।অত্যাচারীদের হৃদয় যেন তোমার দ্বারা রূপান্তরিত হয়। (যিশাইয় ৪১:১০)

১১। হে প্রভু, তাজিকিস্তানের স্বামীরা যেন তাদের দেশে চাকরী পায় যাতে তাদের কাজের জন্য রাশিয়াতে না যেতে হয়। অনেকে অবৈধভাবে সেখানে থাকার ফলে কারাগারে বন্দি আছে। (গীত ৯০:১৭)

১২। হে ঈশ্বর, মানব-পাচার চক্রে বিপন্ন মহিলাদের সুরক্ষা করো যাদের পরিণতি হচ্ছে উত্তর সাইপ্রাসের ক্যাশিনো এবং পতিতালয়।বলপূর্বক পতিতাবৃত্তির ফাঁদ থেকে বাইরে আসার পথ খুঁজতে তাদের সাহায্য করো (গীত ৮২:৩)

১৩।হে পিতা, যারা তুর্কি এবং সিরিয়ায় ভূমিকম্পের দ্বারা প্রভাবিত হয়েছে তাদের কাছে নিজেকে পরিচিত করো। তারা যেন যীশুকে জানে এবং তাঁর মধ্যে আশা খুঁজে পায়। (যিশাইয় ৫৪:১০)

১৪।হে প্রভু, আমরা জর্ডনের মহিলাদের জন্য শিক্ষা সংক্রান্ত সুযোগগুলি বৃদ্ধি করার জন্য প্রার্থনা করছি। তাদেরকে জ্ঞান এবং দক্ষতা অর্জন করতে সাহায্য করো যাতে তারা সমাজে অবদান রাখতে সক্ষম হয়। (হিতোপদেশ ১:৫)

১৫। হে প্রভু যেহেতু তারা উত্তর আফ্রিকার লোকদের কাছে ঈশ্বরের অনুগ্রহের সুসমাচার নিয়ে যাওয়ার জন্য তাদের জীবনের ঝুঁকি নিচ্ছে, সেহেতু হে পিতা, তুমি আমাদের সেই সাহসী দলটিকে এবং যারা আশার বাণী গ্রহণ করছেন তাদের সুরক্ষা দিন। (গীত ২৩:৪)

১৬।হে ঈশ্বর,ইস্রায়েলের মহিলাদের চোখ এবং হৃদয় খুলে দাও যাতে তারা তোমাকে তাদের প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে জানে। (মার্ক ১৪:৬১-৬২)

১৭।হে প্রভু, মধ্য এশিয়ার মহিলাদের জন্য সুযোগগুলি উন্মুক্ত করো যাতে তারা তাদের নিজেদের ব্যবসা শুরু করতে পারে যা তাদের পক্ষে এবং তাদের পরিবারগুলির জন্য লাভজনক হবে।(হিতোপদেশ ৩১:১৮)

১৮।হে ঈশ্বর, আমরা সিরিয়ার মহিলাদের স্বাধীনতা এবং মানবিক অধিকারগুলির সুরক্ষার জন্য প্রার্থনা করি। প্রচার মাধ্যমের দ্বারা প্রচারিত তোমার সত্য যেন তাদের মধ্যে আরোগ্য আনতে পারে এবং তাদের জীবনকে পুনরুদ্ধার করতে পারে। (যিশাইয় ৬১:১)

১৯।হে পিতা, বিভিন্ন সমস্যাগুলি জয় করার জন্য ইরাকের মহিলাদের শক্তি এবং সাহস দাও এবং তারা যেন অন্যদের জন্য আশার উৎস হতে পারে। (যিহোশূয় ১:৯)

২০।কারগিজস্তানের দরিদ্র লোকেরা আর্থিক সঙ্কট এবং বেকারত্বের কষ্টে ভুগছে। হে পিতা, সরকার যেন তাদের কাছে খাদ্য এবং চিকিৎসা সংক্রান্ত সাহায্য নিয়ে তাদের কাছে পৌঁছাতে পারে। (যাকোব ২:১৫-১৬)

২১। হে প্রভু, আমাদের উত্তর আফ্রিকার দলগুলিকে প্রজ্ঞা দাও এবং যারা বিচিত্র জীবনের পরিস্থিতির মধ্যে আছে তাদের পরিচর্যা করার জন্য তারা যেন প্রস্তুত হয় এবং বিভিন্ন অনুষ্ঠান তৈরী করতে পারে। (যাকোব ৩:১৭)

২২।হে পিতা, মধ্যপ্রাচ্যে সম্প্রতি শুরু হওয়া কুর্দিস ছোট দলটির সহভাগিতাকে শক্তিশালী করো। চ্যালেঞ্জিং আলোচ্য বিষয়গুলি নিয়ে আলোচনা করার জন্য দলটির নেতাকে প্রজ্ঞা এবং সাহস দাও।(যাকোব ১:৫)

২৩। হে ঈশ্বর, আমরা উত্তর আফ্রিকার সেই সমস্ত মহিলা এবং পরিবারগুলির জন্য প্রার্থনা করি যারা আর্থিক এবং সামাজিক সমস্যগুলিসহ সংগ্রাম করছেন। তাদের জীবনের জন্য তাদের প্রজ্ঞা দাও। (হিতোপদেশ ২১:৫)